



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

নওগাঁ সরকারি কলেজ, নওগাঁ

বিজ্ঞপ্তি নং- /নসক/১৮

তারিখ: ১৩/০১/২০১৮ খ্রি.

২০১৭ সালের অনার্স পার্ট-৪ (নিয়মিত) পরীক্ষায় অংশগ্রহণেচ্ছু শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিম্নলিখিত সময়সূচি অনুযায়ী ফরম পূরণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম সম্পন্ন করা হবে। নির্ধারিত সময়-সূচী অনুযায়ী স্ব-স্ব বিভাগে যোগাযোগ করে ফরম পূরণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম সম্পন্ন করার জন্য নির্দেশ দেয়া যাচ্ছে।

ফরম পূরণের সময় সূচী : (ক)সকাল ১০: ০০ টা থেকে বেলা ২:০০ টা পর্যন্ত।

বিভাগের নাম	তারিখ
বাংলা, ইংরেজি, অর্থনীতি, দর্শন, রাষ্ট্রবিজ্ঞান, ইস: ইতিহাস, পদার্থবিদ্যা, রসায়ন, উদ্ভিদ, প্রাণিবিদ্যা, গণিত, ভূগোল, ব্যবস্থাপনা, হিসাববিজ্ঞান	১৪/০১/২০১৮ ইং তারিখ হতে ২৩/০১/২০১৮ ইং তারিখ পর্যন্ত

বি. দ্র. ১। নির্ধারিত সময়ের পরে জরিমানার মাধ্যমে ফরম পূরণের সুযোগ থাকবে না।

১। অনলাইনে আবেদন ফরম পূরণের নিয়মাবলী :

(ক) আবেদনকারীকে নিজে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nubd.info/honours)-এ প্রবেশ করে নিজে রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ও ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী আবেদন করতে হবে। আবেদন ফরম পূরণ প্রক্রিয়া সম্পন্ন হলে, অনলাইন থেকে একটি আবেদন ফরম প্রিন্ট করে নিতে হবে। ডাচবাংলা মোবাইল ব্যাংকে নির্ধারিত ফি জমা দিয়ে TXN নম্বরসহ প্রিন্টকৃত আবেদন ফরম স্ব-স্ব বিভাগে জমা দিতে হবে।

(খ) আবেদনকারীকে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০২ কপি ছবি আবেদন পত্রের সাথে সংযুক্ত করে দিতে হবে।

২। পরীক্ষায় অংশ গ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী :

শুধুমাত্র ২০১৩-১৪ শিক্ষাবর্ষে জাতীয় বিশ্ববিদ্যালয়ে নিবন্ধিত যেসব শিক্ষার্থী ২০১৬ সালের ৩য় বর্ষ অনার্স পরীক্ষায় অংশগ্রহণ করে Promoted হয়েছে সেসব ছাত্র-ছাত্রীগণ নিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০১৭ সালের ৪র্থ বর্ষ অনার্স পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন।

৩। প্রয়োজনীয় কাগজ পত্র :

(ক) প্রত্যেক পরীক্ষার্থীর সদ্য তোলা ২ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি (সত্যায়িত) এর ০১ (এক) কপি অনলাইনে প্রিন্টকৃত আবেদন ফরমের নির্ধারিত স্থানে আঠা আঠা দ্বারা সংযোজন করতে হবে। এবং অপর ০১ (এক) কপি স্ব-স্ব বিভাগ সংরক্ষণ করবেন।

বিশ্ববিদ্যালয় থেকে প্রবেশ পত্র সরবরাহের পর নির্দিষ্ট স্থানে আঠা দিয়ে ছবি লাগিয়ে তার উপর অধ্যক্ষ কর্তৃক সত্যায়নের পর প্রবেশপত্র বিতরণ করতে হবে।

৬। ডাচবাংলা মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে বিলার আইডি ৩৩২-এর মাধ্যমে শিক্ষার্থীর নিজ একাউন্ট থেকে ফি জমা দেয়ার নিয়মাবলী :

(ক) নিজ মোবাইল থেকে *৩২২# লিখে যে সিম DBBL একাউন্ট আছে সেই সিম থেকে ডায়াল করে ১ লিখে সেন্ট করতে হবে। আবার ১ লিখে সেন্ট করতে হবে এবং Enter Biller ID এর ঘরে ৩৩২ লিখে সেন্ট করতে হবে। তারপর Enter Bill Number এর ঘরে স্ব-স্ব বিভাগ হতে প্রদত্ত নম্বর লিখে সেন্ট করতে হবে ও Enter Amount এর ঘরে স্ব-স্ব বিভাগ হতে নির্ধারিত ফি লিখে সেন্ট করতে হবে। তারপর পিন নম্বর দিয়ে সেন্ট করতে হবে। শেষে প্রাপ্ত TXN নম্বরটি ফরমের উপরে লিখে স্ব-স্ব বিভাগে জমা দিতে হবে।

(খ) প্রথমে চার অক্ষরের শিক্ষা বর্ষ এরপর ০৪ এরপর স্ব-স্ব বিভাগের কোড তারপর শ্রেণি রোল লিখতে হবে।

[বি. দ্র. নিজ একাউন্ট ব্যতীত অন্য কোন একাউন্টের মাধ্যমে ফি জমা দিলে ফি সংক্রান্ত জটিলতার জন্য কর্তৃপক্ষ দায়ী থাকবে না।]

সংশ্লিষ্ট বিভাগের করণীয় : শিক্ষার্থীর টাকা পরিশোধের পরের দিন কলেজ ওয়েবসাইটে ভেরিফিকেশন মেনু থেকে স্ব - স্ব বিভাগের তালিকা থেকে ফরম পূরণের টাকা সঠিক আছে কিনা তা যাচাই করে ফরম জমা নিতে হবে।

অধ্যক্ষ

নওগাঁ সরকারি কলেজ, নওগাঁ।